



# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৪৬৭

তারিখ: ২৫/০৪/২০২৪ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

### কুবি'র উদ্ভূত পরিস্থিতি নিরসনে জরুরি সিডিকেট সভা অনুষ্ঠিত

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উদ্ভূত পরিস্থিতি নিরসনের জন্য জরুরি সিডিকেট সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার (২৪ এপ্রিল) রাত ৯ ঘটিকায় এই সিডিকেট সভা অনুষ্ঠিত হয়। সভায় সকল সদস্য বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা করে সমস্যা নিরসনের উপর বিশেষভাবে গুরুত্বারোপ করেন এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেন।

সিদ্ধান্ত-০১ : কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি নিয়ে মাননীয় উপাচার্য, প্রো-ভাইস চ্যান্সেলর এবং ট্রেজারার মহোদয়গণ শিক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে অবহিত করবেন এবং পরবর্তী দিক নির্দেশনা চাইবেন।

সিদ্ধান্ত-০২ : গত ১৯/০২/২০২৪ তারিখে মাননীয় উপাচার্য মহোদয়ের কার্যালয়ে সংঘটিত অনাকাঙ্ক্ষিত ঘটনা তদন্ত পূর্বক প্রতিবেদন প্রদান করার জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) প্রফেসর ড. মোহাম্মদ আবদুল্লাহ মামুন, ম্যানেজমেন্ট বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও সম্মানিত একাডেমিক কাউন্সিল সদস্য, কু.বি., আহ্বায়ক

খ) প্রফেসর ড. মো. রফিকুল ইসলাম (রফিক শাহরিয়ার), শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা, সদস্য

গ) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক মনোনীত প্রতিনিধি, সদস্য

ঘ) রেজিস্ট্রার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, সচিব

সিদ্ধান্ত-০৩ : শিক্ষকদের আবেদনের প্রেক্ষিতে অধ্যাপক গ্রেড-১ ও অধ্যাপক গ্রেড-২ পর্যায়ে উন্নীতকরণের জন্য গঠিত কমিটির সভা আগামী ১৬/০৫/২০২৪ তারিখে অনুষ্ঠানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-০৪ : জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ও কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সিডিকেট সদস্য প্রফেসর ড. সাদেকা হালিমকে শিক্ষক সমিতির অন্যান্য দাবিসমূহ প্রসঙ্গে শিক্ষক সমিতির সাথে আলোচনা করে দাবিসমূহ নিষ্পত্তির জন্য দায়িত্ব প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, বিশ্ববিদ্যালয়ের সুনাম অক্ষুণ্ন রাখা ও সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রাখার স্বার্থে সকলের সহযোগিতা কামনা করেছেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)  
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি